গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
মার্কেটিং ও কর্পোরেট প্ল্যানিং বিভাগ
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

নং- ৫৪.০১.২৬০০.০০৫.২৭.০৩৫.১৫ (পার্ট-২) তারিখঃ ১২-০৯-২০১৯।

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের 'নৈতিকতা কমিটি'র অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে বাংলাদেশ রেলওয়ের 'নৈতিকতা কমিটি'র ২০১৯-২০ অর্থ বছরে ১ম সভা ০৫.০৯.২০১৯ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় রেলভবন ঢাকায় ২য় তলার সভাকক্ষে (কক্ষ নং-২১১) অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১২/০৯/২০১৯
(মোস্তাফিজুর রহমান ভূঞা)
সিনিয়র পরিকল্পনা কর্মকর্তা-১

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিঃ মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। অতিঃ মহাপরিচালক (অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৩। অতিঃ মহাপরিচালক (অপারেশন),বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৪। অতিঃ মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৫। মহাব্যবস্থাপক/পূর্ব, বাংলাদেশ রেলওয়ে, চট্রগ্রাম।
৬। মহাব্যবস্থাপক/পশ্চিম, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
৭। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৮। প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম।
৯। সিপিএলও, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১০। সিএসটিই (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম।
১১। রেক্টর, রেলওয়ে ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম।
১২। সিইও (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
১৩। ডিআরএম (ঢাকা, চট্টগ্রাম, পাকশী ও লালমনিরহাট), বাংলাদেশ রেলওয়ে।
১৪। অর্থনীতিবিদ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১৫। পরিচালক (সংস্থাপন, অর্থ, মেকানিক্যাল, প্রকৌশল, পরিবহন ও জনসংযোগ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১৬। অতি: সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

e.suddechar cousul

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
মার্কেটিং ও কর্পোরেট প্ল্যানিং বিভাগ
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের 'নৈতিকতা কমিটি'র অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : অতি: মহাপরিচালক (এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে।
তারিখ ও সময় : ০৫.০৯.২০১৯ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ (কক্ষ নং-২১১), রেলভবন, ঢাকা।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সংযুক্ত।

২.০। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর এসপিএলও-১ সভাপতির অনুমতিক্রমে সভার বিষয়বস্তু উপস্থাপন করেন।

৩.০। সভায় ২০১৮-১৯ অর্থ-বছরের বাংলাদেশ রেলওয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

২০১৯-২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা ও পরিবীক্ষণের লক্ষ্যে নিম্নোক্ত **সাধারণ সিদ্ধান্ত** গৃহীত হয়।

(৩.১) বিভাগ/দপ্তর/আঞ্চলিক প্রধানগণ আওতাধীন দপ্তর সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের বিষয়টি নিবিড়ভাবে তদারকি করবেন।

(৩.২) বিভিন্ন বিভাগ/দপ্তর/অঞ্চলের জন্য নিয়োজিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ স্ব-স্ব বিভাগ/দপ্তর/অঞ্চলের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনায় সন্নিবেশিত কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতির মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এডিজি(এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

(৩.৩) জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনায় সন্নিবেশিত কার্যক্রমসমূহ বাস্তবায়নে অধিকতর কার্যকরী ও দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া, পরস্পর নির্ভরশীল বিভাগ/দপ্তরসমূহ পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি করতে সচেষ্ট হবেন।

৪.০। ২০১৯-২০ অর্থ-বছরের জন্য প্রণীত বাংলাদেশ রেলওয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার আইটেমভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| কার্যক্রম ক্রমিক | বিষয়/কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১.১ | নৈতিকতা কমিটির সভা | প্রতি কোয়ার্টারে নিয়মিত ১টি করে সভা করতে হবে। সংশ্লিষ্ট সকল দপ্তর/কার্যালয় অনুষ্ঠিত সভার ন্যূনতম ৭৫% সিদ্ধান্ত (প্রযোজ্য ক্ষেত্রে) বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-সিসিএস<br>-রেক্টর (আরটিএ)<br>-পরিচালক(সংস্থাপন) |
| ২.১ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা। | প্রতি কোয়ার্টারে অংশীজনের অংশগ্রহণে সভা (রেল পরিষেবার উন্নয়ন/সম্প্রসারণ ইত্যাদি বিষয়) নিয়মিত ১টি করে সভা করতে হবে। সংশ্লিষ্ট সকল দপ্তর/কার্যালয় অনুষ্ঠিত সভার ন্যূনতম ৬৫% সিদ্ধান্ত (প্রযোজ্য ক্ষেত্রে) বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | -এডিজি (অপারেশন)<br>-পরিচালক(পরিবহন) |
| ২.৩ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন। | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-সিসিএস<br>-রেক্টর (আরটিএ)<br>-পরিচালক(সংস্থাপন) |

| কার্যক্রম ক্রমিক | বিষয়/কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.৪ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন তথা এপিএ, জাতীয় শুদ্ধাচার কৌশল, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও তথ্য অধিকার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-রেক্টর (আরটিএ)<br>-পরিচালক(সংস্থাপন) |
| ৩.১ | বিদ্যমান রেলওয়ে আইনের হালনাগাদ খসড়া প্রণয়ন | ২৫.০৬.২০২০ তারিখের মধ্যে বিদ্যমান রেলওয়ে আইনের (রেলওয়ে আইন'১৮৯০) হালনাগাদ খসড়া প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পরিচালক(সংস্থাপন) |
| ৪.২ | স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | প্রতি কোয়ার্টারে বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে সংযোজিত 'শুদ্ধাচার সেবাবক্স'-এ শুদ্ধাচার সম্পর্কিত হালনাগাদ ডকুমেন্ট/তথ্য সন্নিবেশ করতে হবে। | -এডিজি (এমএন্ডসিপি)<br>-সিএসটিই (টেলিকম) |
| ৪.৩ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | ৩১.০৩.২০২০ তারিখের মধ্যে বাংলাদেশ রেলওয়ের স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পরিচালক (সংস্থাপন)<br>-পরিচালক(জনসংযোগ) |
| ৪.৪ | স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ | প্রতি কোয়ার্টারে বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে সংযোজিত 'তথ্য অধিকার সেবাবক্স'-এ তথ্য অধিকার সম্পর্কিত হালনাগাদ ডকুমেন্ট/তথ্য সন্নিবেশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পরিচালক (সংস্থাপন)<br>-পরিচালক(জনসংযোগ) |
| ৪.৫ | স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ | প্রতি কোয়ার্টারে বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে সংযোজিত 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স'-এ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কিত হালনাগাদ ডকুমেন্ট/তথ্য সন্নিবেশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পরিচালক (সংস্থাপন)<br>-পরিচালক(জনসংযোগ) |
| ৫.১ | উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ | ৩১.০৩.২০২০ তারিখের মধ্যে উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | -এডিজি (এমএন্ডসিপি) |
| ৫.২ | বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ | ৩১.১২.২০১৯ তারিখের মধ্যে বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করে তা বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিএসটিই (টেলিকম) |
| ৫.৩ | জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭-এর বিধি ৪ অনুসারে "ডেজিগনেটেড অফিসার" নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ | ৩১.১২.২০১৯ তারিখের মধ্যে জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭-এর বিধি ৪ অনুসারে "ডেজিগনেটেড অফিসার" নিয়োগ করে তা বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পরিচালক (সংস্থাপন)<br>-পরিচালক(জনসংযোগ) |
| ৬.২ | এডিপি বাস্তবায়ন অগ্রগতি | ২০১৯-২০ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের বিপরীতে ন্যূনতম ৯০% (ক্রমপুঞ্জিত) এডিপি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সকল এডিজি<br>-সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |
| ৬.৪ | প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | পরিদর্শন টিম কর্তৃক চলমান প্রকল্পসমূহ পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ ন্যূনতম ৬৫% (ক্রমপুঞ্জিত) এডিপি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |

| কার্যক্রম ক্রমিক | বিষয়/কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৭.২ | ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন | এপিপি অনুসারে ন্যূনতম ৮০% ক্রয় কাজ ই-টেন্ডারের মাধ্যমে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত পরিসংখ্যান/প্রতিবেদন (মোট প্যাকেজ সংখ্যা ও কতটি ই-জিপি করা হয়েছে) এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -সংশ্লিষ্ট দপ্তর/কর্মকর্তা |
| ৮.১ | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | ৩১.১২.২০১৯ তারিখের মধ্যে বাংলাদেশ রেলওয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদ ফরমেটে প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করতে হবে। | -পরিচালক (পরিবহন) |
| ৮.২ | শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন | প্রযোজ্য ক্ষেত্রে শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন (প্রতি কোয়ার্টারে ন্যূনতম ২৫টি) করে কাজের গুণগত মান যাচাই এবং বিদ্যমান সমস্যা থাকলে তা চিহ্নিত করতে হবে। অধিকন্তু পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সকল এডিজি |
| ৮.৪ | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | সচিবালয় নির্দেশমালা ২০১৪-এর নির্দেশ নং ৮৮-৯৯ অনুযায়ী ন্যূনতম ২৫% দাপ্তরিক নথির শ্রেণি বিন্যাসকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| ৮.৬ | প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন। | ২টি গণশুনানী আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -এডিজি (ওপি) |
| ৯.১ | রেলওয়ে সেবা সপ্তাহ আয়োজন | ২য় কোয়ার্টারে সেবা সপ্তাহ আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ( এ ক্ষেত্রে বাংলাদেশ ভূ-খন্ডে রেল পরিবহন ব্যবস্থা চালুর বিষয়টি উদযাপন করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে)। | -এডিজি (ওপি) |
| ৯.৩ | অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান | প্রতি কোয়ার্টারে বাংলাদেশ রেলওয়ের উভয় অঞ্চলে ন্যূনতম ২০টি অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -এডিজি(আই)<br>-সিইও(পূর্ব ও পশ্চিম) |
| ৯.৪ | নিরাপত্তা সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারপত্র বিলিকরণ | নিরাপত্তা সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারপত্র (ন্যূনতম ১০০০০) বিলিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -এডিজি(ওপি)<br>-সকল জিএম ও ডিআরএম |
| ৯.৫ | রেলভবন, ঢাকায় ডিজিটাল হাজিরা চালুকরণ | ৩০.০৯..২০১৯ তারিখের মধ্যে রেলভবন, ঢাকায় ডিজিটাল হাজিরা চালুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিএসটিই (পূর্ব) |
| ১১.১ | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ। | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য ১০ লক্ষ টাকা বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি (অর্থ)<br>-এডিজি (এমএন্ডসিপি)<br>-পরিচালক (সংস্থাপন) |
| ১২.২ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | নিয়মিত ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করতে হবে। | -এডিজি (এমএন্ডসিপি) |

| কার্যক্রম ক্রমিক | বিষয়/কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১২.৩ | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান। | আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে এডিজি(এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। এডিজি(এমএন্ডসিপি) প্রাপ্ত বাস্তবায়ন প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | -জিএম (পূর্ব)<br>-জিএম (পশ্চিম)<br>-এডিজি (এমএন্ডসিপি) |

৫.০। পরিশেষে জাতীয় শুদ্ধাচার কৌশল-এ সন্নিবেশিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আরো আন্তরিক ও সক্রিয় প্রচেষ্টা গ্রহণ করার অনুরোধ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত ১২/০৯/২০২১
(চন্দন কান্তি দাস)
অতি: মহাপরিচালক (এমএন্ডসিপি)

# বাংলাদেশ রেলওয়ে

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের নৈতিকতা কমিটি'র সভা।
সভাপতিঃ অতিঃ মহাপরিচালক (এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে।
তারিখঃ ০৫.০৯.২০১৯

| ক্রমিক | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ জহুরুল ইসলাম<br>এডিজি/অপাঃ, বিআর | 01711505303 | [signature] ০৫.০৯.১৯ |
| ২ | খোন্দকার শহিদ<br>ADG/I, BR | 01711505301 | [signature] ৫/৯ |
| ৩ | ড: আবুল কালাম<br>চিফ প্রকৌশলী (টেলিকম) | 01709999091 | [signature] ৫/৯/২০১৯ |
| ৪ | মো: মিজানুর রহমান<br>ADG/OP | 0171[illegible]505310 | [signature] ৫/৯/১৯ |
| ৫ | মিহির কান্তি মাহবুবুর রহমান<br>পরিচালক / অর্থ | 01711692941 | [signature] ০৫/০৯/২০১৯ |
| ৬ | সৈয়দ মোঃ শহিদুজ্জামান<br>অতি. চিপ্রকৌশলী | 01709999093 | [signature] ০৫.০৯.১৯ |
| ৭ | শাহ আলম<br>উপ-পরিচালক/ই-২ | 01711692958 | [signature] 05.09.19 |
| ৮ | অসীম কুমার তালুকদার<br>অতি: মহাব্যবস্থাপক পূর্ব GM(E) | 01711506147 | [signature] 05.09.2019 |
| ৯ | মোঃ রফিকুল ইসলাম<br>ডেপুটি সিপিআরও | 01711691055 | [signature] 5.9.19 |

| ক্রমিক | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১০ | মোঃ নাহিদ হাসান খান<br>ডিডি/ পিডি | 01711-692962 | [illegible] |
| ১১ | মোস্তাফিজুর রহমান ভূঞা<br>SPLO-1 | 01711692967 | [illegible] ৫/৯ |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |